গাংনীর রংমহল সীমান্তে ১৬ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে অভিযান চালিয়ে ১৬ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

রবিবার (৯ জুলাই) সকাল ৮ টায় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের ধলা গ্রামের সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায় গাঁজা উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-এর অধীনস্থ রংমহল বিওপির হাবিলদার মো. দিদারুল ইসলামের নেতৃত্বে বিজিবির একটি দল গোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত এলাকায় অভিযান চালায়।

এ সময় আন্তর্জাতিক সীমান্তের মেইন পিলার ১৩৭/২-এস থেকে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে রংমহল মাঠে মালিকবিহীন অবস্থায় পড়ে থাকা ১৬ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করা হয়।

বিজিবি জানায়, উদ্ধার করা গাঁজার বিষয়ে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনীর রংমহলে বিজিবির অভিযানে ৬ কেজি গাঁজাসহ আটক ২

৬ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) রংমহল ক্যাম্প।

আটকরা হলেন, গাংনী উপজেলার রংমহল গ্রামের আলম শেখের ছেলে শাহারুল ইসলাম (৩৩) ও একই গ্রামের আব্দুল গনির ছেলে মিজানুর রহমান (৩০)।

আজ শনিবার (১১ মে) সকালের দিকে মেহেরপুরের গাংনী উপজেলার ভারতীয় সীমান্তের আন্তর্জাতিক ১৩৭/৪ এস পিলারের নিকট বাংলাদেশের

অভ্যন্তরে একটি ঘাসের জমিত অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে বস্তায় প্যাকেট অবস্থায় ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। ৪৭ বিজিবির রংমহল ক্যাম্পের কমান্ডার হাবিলদার মোহা: রবিউল ইসলাম এই অভিযানে নেতৃত্ব দেন।

হাবিলদার মোহা: রবিউল ইসলাম জানান, সীমান্তবর্তি রংমহল মাঠের একটি নেপিয়ার ঘাসের জমিতে পাচারের উদ্দ্যেশ্যে ফেনসিডিলের একটি চালান প্রস্তুত করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানে ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজাসহ শাহারুল ইসলাম ও মিজানুর রহমানকে আটক করা হয়। আটক দুজনই এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী। তাদের বিরুদ্ধে মাদকের অভিযোগে একাধিক মামলা রয়েছে।

এঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণীর ১৯(ক) ধারায় মামলা দায়ের করা হয়েছে। আসামিদের আজ শনিবার বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।